Boighar.com

CHAPTER
# 10 Degree of Comparison

দোষ, গুণ বা অবস্থার তারতম্য বুঝাতে Adjective-এর যে রূপান্তর হয় তাকে Comparison of Adjectives অথবা Degree of Comparison বলে। Degree তিন প্রকার। ১. Positive Degree, যা কোনো তুলনা না বুঝিয়ে সাধারণভাবে দোষ, গুণ বা অবস্থা প্রকাশ করে। যেমন— Good, beautiful। ২. Comparative Degree দ্বারা দুয়ের মধ্যে তুলনা বুঝানো হয়। যেমন— better, more beautiful। ৩. Superlative Degree দ্বারা দুয়ের অধিক ব্যক্তি/বস্তুর তুলনা করে দোষ, গুণ বা অবস্থার সর্বোচ্চ সীমাকে বোঝায়। যেমন— Best, most beautiful। কিছু কিছু Adjective আছে যাদের Comparison হয় না। আবার কিছু কিছু আছে সেগুলো Degree করার কিছু নিয়ম আছে, সেগুলো Degree করার পর ভিন্ন রূপ ধারণ করে। যেমন— Perfect শব্দটির degree হয় না। অন্যদিকে good শব্দটি degree করার পর ভিন্ন রূপ better, best ধারণ করে।

**10.1(a) Positive Degree-এর ক্ষেত্রে দুই ব্যক্তি বা বস্তুর মধ্যে সাদৃশ্য বুঝাতে হ্যাঁ-বোধক বাক্যে as ....... as এবং বৈসাদৃশ্য (অমিল) বুঝাতে না-বোধক বাক্যে so/as......... as ব্যবহৃত হয়। Babu is as tall as his brother.**

▶ **She is beautiful but she is — her mother.** ২৪তম বিসিএস (বাতিল)

ⓚ most beautiful ⓚh less beautiful

ⓖ as beautiful ⓖh not so beautiful as √

**10.1 (b) As ....... as, so ........ as-এর পর pronoun আসলে Informal English-এ Objective pronoun হয়। কিন্তু Formal English-এ Subjective form হয়। যদি দুটি উত্তরই দেয়া থাকে তাহলে Subjective form নির্বাচন করাই শ্রেয়।**

▶ **শুদ্ধ বাক্য—** প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ১৯৯৪

ⓚ Rahim is as tall as me. ⓚh Rahim is as tall as mine.

ⓖ Rahim is as tall as I. √ ⓖh Rahim is tall as me.

**10.2 সাধারণত এক Syllable বিশিষ্ট Adjective-এর শেষে er যোগ করে এবং দুই বা ততোধিক Syllable যুক্ত Adjective-এর আগে more যুক্ত করে Comparative degree তৈরি করা হয়। Comparative-এর পর than বসে এবং এর পর pronoun-এর Nominative (Subjective) form বসে।**

▶ **Which is the correct comparative form of Adjective?** স্বাস্থ্য সহকারী ২০০৪

ⓚ This book is not finer than yours.

ⓚh Your book is finer than this. √

ⓖ Your book is as fine as this.

www.boighar.com

বইঘর.কম

**10.3 Comparative-এর সময় দুটি noun-এর প্রথমটিতে possessive থাকলে দ্বিতীয়টিতেও possessive হয়।**

▶ **Choose the correct sentence.** শ্রম মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৫

ⓚ My pen is costly than yours.
ⓚh My pen is costly to yours.
ⓖ My pen is costly from yours.
ⓖh My pen is costly with yours.

[**Note :** *বাক্যটিতে ভুল আছে। Costly এর পরিবর্তে Costlier হলে সঠিক উত্তর হতো (ক)। Comparative এর পর than হয়। আর প্রথমাংশে Possessive থাকায় দ্বিতীয়াংশেও Possessive হয়েছে।*]

**10.4 Comparative-এর পূর্বে সাধারণত the বসে না। কিন্তু দুটি ব্যক্তি/বস্তুর তুলনা করতে two শব্দটি উল্লেখ থাকলে Comparative Adjective-এর পূর্বে the বসে।**

▶ **Choose the correct sentence :** সমবায় অধিদপ্তরে দ্বিতীয় শ্রেণীর গেজেটেড অফিসার ১৯৯৭

(ক) This is the wisest plan of the two.
(খ) This is the wiser plan of the two. √
(গ) This is the wiser plan between the two.
(ঘ) This is the wisest plan among the two.

**10.5 একই ব্যক্তি বা বস্তুর বিভিন্ন গুণের তুলনা করতে ১ম গুণ তথা adjective-এর পূর্বে সর্বদা more বসে। কখনই adjectiveটির সাথে-er/r যোগ হয় না।**

▶ **Which one is the correct sentence?** সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০০০

(ক) He is better than bad. (খ) He is much well than bad.
(গ) He is more good than bad. √ (ঘ) He is most better than bad.

**10.6 সমানুপাতিক বৃদ্ধি বা হ্রাস প্রকাশ করতে the + comparative degree ...... + the + comparative degree ...... এই Structureটি ব্যবহৃত হয়।**

▶ **The greater the demand, — the price.**

(ক) high (খ) the higher √
(গ) the highest (ঘ) highest

▶ (ক) More your read, more you learn. প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে সহকারী পরিচালক ২০০১
(খ) The more your read, more you learn.
(গ) More you read, the more you learn.
(ঘ) The more you read, the more you learn. √

**10.7 দু'য়ের মধ্যে বেছে নেয়া বুঝাতে comparative degree-এর আগে the এবং পরে of বসে।**

▶ **Rasul is the smaller— the two boys.** থানা শিক্ষা অফিসার ১৯৯৯

(ক) of √ (খ) as
(গ) before (ঘ) than

**10.8 ক্রমান্বয়ে বৃদ্ধি বা হ্রাস বুঝাতে comparative degree কে and দ্বারা যুক্ত করে দু'বার ব্যবহার করতে হয়।**

— He is getting older and older.

www.boighar.com

10.9(a) **Prefer, Preferable : Prefer-এর পর একটি মাত্র verb আসলে এর infinitive হয়। যেমন— I prefer to do it. কিন্তু prefer-এর পর দুটি verb আসলে তাদের সাথে ing যুক্ত হয় এবং উভয় Verb-এর মাঝে to বসে। উল্লেখ্য, তুলনার সময় prefer/preferable-এর পর than না বসে to বসে।**

▶ **কোন বাক্যটি শুদ্ধ?** — প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ১৯৯৬

ⓚ I prefer death from dishonour. ⓚh I prefer death to dishonour. √
ⓖ I prefer death against dishonour. ⓖh I prefer death than dishonour.

▶ **Which one is the correct translation? — অপমানের চেয়ে মৃত্যু শ্রেয়।** — মাধ্যমিক সহকারী শিক্ষক ২০০১

ক Death is preferable to dishonour. √
খ Death is preferable than dishonour.
গ Death is more better than dishonour.
ঘ Death is more preferable to dishonour.

বইঘর.কম

10.9(b) **Prefer শব্দটি নিজেই Comparative অর্থ প্রকাশ করে। তাই এর আগে বা পরে more যোগ করার প্রয়োজন নেই।**

▶ **Choose the correct sentence —** — আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুটেন্ট ২০০৫

ক What do you prefer most? খ What do you prefer? √
গ What do you prefer more? ঘ What do you prefer best?

10.10 **Very and Much : সাধারণত Positive Degree-এর পূর্বে very এবং Comparative Degree-এর পূর্বে much বসে।**

– The question is very easy. – The question is much easier.

10.11 **Latin comparatives তথা senior, junior, inferior, superior, prior, ulterior, posterior ইত্যাদির পর than না বসে to বসে।**

▶ **Choose the right sentence.** — শ্রম মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৫

ক He is senior than me for five years.
খ He is senior to me for five years.
গ He is senior from me five years.
ঘ He is senior at me for five years.

[**Note :** *নিয়ম অনুযায়ী (খ) সঠিক। তবে বছর বা সময় উল্লেখ করার পূর্বে for না হয়ে by হবে। তাই এখানে সঠিক বাক্য নেই।*]

10.12 **Less and Fewer : এ দুটিই comparative degree এবং এদের অর্থও এক। তবে less ব্যবহৃত হয় uncountable noun-এর সাথে আর fewer ব্যবহৃত হয় countable noun-এর সাথে।**

▶ **There were— guests than I expected.** — পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পরিবার কল্যাণ পরিদর্শিকা ২০১৮

ক less খ lesser গ few ঘ fewer√

**Hints :** *বাক্যে than থাকাতে শূন্যস্থানে adjective-এর comparative form বসবে। Guests যেহেতু countable noun সুতরাং এর পূর্বে countable determiner বসবে। Option-এ একমাত্র countable determiner-এর comparative form রয়েছে fewer। সুতরাং সঠিক উত্তর fewer।*

উত্তর : ঘ

10.13 **কোনো বাক্যে as ...... as ও comparative উভয়ই থাকলে প্রথমে as ..... as এবং পরে Comparative বসে।**

▶ **— if not prettier than any other girl at the party.** — মাধ্যমিক সহকারী প্রধান শিক্ষক/শিক্ষিকা ও জেলা সহকারী শিক্ষা অফিসার ২০০৩

ক She was a girl as pretty খ She was more pretty than
গ She was as pretty ঘ She was as pretty as √

 বইঘর.কম

10.14 এক Syllable বিশিষ্ট adjective-এর সাথে est এবং দুই বা ততোধিক Syllable যুক্ত adjective-এর সাথে most যুক্ত করে superlative degree তৈরি করা হয়। Superlative degree-এর পূর্বে সর্বদা the বসে এবং পরে of বসে; পরে স্থান থাকলে তার আগে in বসে।

▶ **Choose the correct sentence** — খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ২০০৪

ⓚ He is the happiest child of all √ ⓚh He is the most happy child of all.
ⓖ He is a happiest child of all. ⓖh He is most happy child of all.

▶ **The correct sentence of the followings—** — ১৭তম বিসিএস

ⓚ The Nile is longest river in Africa. ⓚh The Nile is longest river in the Africa.
ⓖ Nile is longest river in Africa. ⓖh The Nile is the longest river in Africa. √

10.15 One of-এর পর Nounটি Plural হয়।

▶ **Which of the following sentences is correct?** — তথ্য মন্ত্রণালয়ের (গণযোগাযোগ প্রশিক্ষণ) সহকারী পরিচালক ২০০১

ⓚ He is one of the most rudest men I've ever met
ⓚh He is rudest man I've ever met
ⓖ He is one of the rudest men I've ever met √
ⓖh Of all the men I've ever met, he is the rudest

10.16 Perfect, supreme, false, complete, unique, universal প্রভৃতি শব্দ নিজেরাই Superlative অর্থ প্রদান করে বলে এদের পূর্বে most বা অন্য কোনো qualifier বসে না।

▶ **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** — দুর্নীতি দমন ব্যুরো সহকারী পরিচালক ১৯৮৪

ⓚ This is a most unique opportunity.
ⓚh This is a in quest opportunity.
ⓖ This is a most uniquest opportunity.
ⓖh This is a unique opportunity. √

▶ **Which sentence is correct?** — ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর সহকারী ড্রিলিং প্রকৌশলী ১৯৯৮

ⓚ He is a most perfect judge. ⓚh He is the most perfect judge.
ⓖ He is a very perfect judge. ⓖh He is a perfect judge. √

10.17 একই বাক্যে একই Noun কে গুণান্বিত করার জন্য একাধিক Adjective ব্যবহৃত হলে প্রত্যেকটির সাথেই degree of comparison ব্যবহার করতে হবে।

**Incorrect :** Raju is intelligent and taller than Rana .
**Correct :** Raju is more intelligent and taller than Rana.
**Incorrect :** My pen is superior and costlier than yours.
**Correct :** My pen is superior to and costlier than yours.

10.18 ইংরেজিতে Double comparative বা Double superlative ব্যবহৃত হয় না। অর্থাৎ একই Adjective-এর সাথে একাধিক Comparative/Superlative degree ব্যবহার করা যাবে না।

▶ **Which of the following sentences is correct?** — ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা ২০০৩

ⓚ He is comparatively better today.
ⓚh He is good today than before.
ⓖ He is better today. √
ⓖh He is best today than yesterday.

www.boighar.com

10.19 কিছু কিছু Adjectives আছে যাদের Comparative ও Superlative forms একটু ভিন্নরকম। এগুলো খুবই গুরুত্বপূর্ণ বিধায় মুখস্থ করে রাখা ভালো।

| Positive | Comparative | Superlative |
|---|---|---|
| bad, evil, ill (খারাপ) | worse | worst |
| good, well (ভালো) | better | best |
| little (অল্প, ছোট) | less | least |
| much/many (অনেক) | more | most |
| fore (অগ্রবর্তী) | former | foremost, first |
| hind (পিছনস্থ) | hinder | hindermost |
| late (দেরি) | later | latest |
| late (পরবর্তী) | latter | last |
| old (বয়স্ক, পুরাতন) | older, elder | oldest, eldest |
| near (নিকটস্থ) | nearer | nearest, next |
| far (দূরবর্তী) | farther, further | farthest, furthest |

▶ কোনটি superlative degree-এর অন্তর্ভুক্ত? সাব-রেজিস্ট্রার ১৯৯২

ⓚ better ⓚh further ⓖ less ⓖh worst √

(ক) better (খ) further (গ) less (ঘ) worst √

▶ 'Worst' is the superlative degree of — স্বাস্থ্য সহকারী ২০০৪

(ক) well (খ) wrong

(গ) bad √

▶ Helal's luck couldn't have been — than Ahnaf. শ্রম মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০০৫

(ক) worst (খ) worser (গ) worse √ (ঘ) worsted

10.20 **Else comparative adjective না হলেও এর পরে than বসে।**

— *Nobody else than Rana can do it.*

— He can do nothing else than earn money.

10.21 কোনো Sentence-এ একই জাতীয় noun ভিন্ন কোনো noun-এর সাথে সম্পর্কযুক্ত হয়ে তাদের মধ্যে তুলনা করা হলে পূর্ববর্তী সমজাতীয় noun-এর পুনরাবৃত্তি না করে তার পরিবর্তে (singular/ uncountable noun হলে) that of এবং plural হলে those of বসে।

(i) The rice of Barisal is better than that of Dinajpur.

(ii) The roads of Dhaka are better than those of Khulna.

**Hints :** *উপরিউক্ত ১ম বাক্যটি আসলে ছিল– The rice of Barisal is better than the rice of Dinajpur. 'the rice' শব্দটির পুনরাবৃত্তি পরিহার করতে 'the rice'-এর পরিবর্তে 'that' বসানো হয়েছে, কারণ এটি Uncountable। ২য় বাক্যে The roads (plural)-এর পরিবর্তে 'those' বসেছে।*

10.22 **Older, elder; oldest, eldest :** এ শব্দগুলোর অর্থ কাছাকাছি হলেও ব্যবহারগত পার্থক্য রয়েছে। একই পরিবারভুক্ত ব্যক্তিবর্গের ক্ষেত্রে elder/eldest ব্যবহার করা হয় এবং older/oldest ব্যবহার করা হয় অন্যান্য ক্ষেত্রে।

— Bablu is my elder brother.

— My eldest sister lives in Dhaka.

— Reza is the oldest man in our village.

www.boighar.com

বইঘর.কম

# THE REAL TEST 10

## BCS Preliminary Questions

01. **Select the alternative which best expresses the meaning of the given sentence : 'We were no more surprised than Rahman.'** ৩২তম বিসিএস উত্তর ঘ

ⓚ We were less surprised than Rahman. ⓚ We were all surprised.

ⓖ Rahman was less surprised than us. ⓖ We were as surprised as Rahman.

**Hints :** *No more যুক্ত comparative-কে Positive sentence-এ রূপান্তর করতে 'as — as' ব্যবহৃত হয়।*

02. **Dhaka is becoming one of the — cities in Asia.** ২৮তম বিসিএস উত্তর গ

ⓚ more busy ⓚ busy

ⓖ busiest ⓖ most busiest

**Hints :** *One of-এর পর adjective-এর superlative form বসে। Busy-এর superlatiue form busiest।*

03. **I thought that — was the last one.** ২৪তম (বাতিল) বিসিএস উত্তর ঘ

ⓚ the most prettiest of all ⓚ prettiest one of all

ⓖ the prettiest one from all ⓖ the prettiest one of all

**Hints :** *নিয়মানুযায়ী superlative degree-এর পূর্বে সর্বদা the বসে এবং যাদের মধ্যে তুলনা করা হয় তাদের পূর্বে of বসে।*

04. **She is beautiful but she is — her mother.** ২৪তম (বাতিল) বিসিএস উত্তর ঘ

ⓚ most beautiful ⓚ less beautiful

ⓖ as beautiful ⓖ not so beautiful as

Hints : *সাদৃশ্য (similarity) বুঝাতে as — as এবং বৈসাদৃশ্য (dissimilarity) বুঝাতে সাধারণত so — as ব্যবহৃত হয়।*

## PSC & Other Exams' Questions

01. **What is the comparative form of 'Alam is the best boy in the class'?** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (BBS) থানা পরিসংখ্যানবিদ ২০২০ উত্তর ক

ⓚ Alam is better than any other boy in the class.

ⓚ Alam is better than most other boys in the class.

ⓖ Alam is better than all other boys in the class.

ⓖ Other boy in the class are better than Alam.

**Hints :** *Sentence-টিতে adjective 'best'-এর পরে noun টি singular হওয়ার কারণে 'than any other' ব্যবহার করে comparative করা হলো।*

02. **Which of the following is incorrect?** দুর্নীতি দমন কমিশনের সহকারী পরিচালক ২০২০ উত্তর ঘ

ⓚ Tallest ⓚ Largest

ⓖ Biggest ⓖ Hugest

**Hints :** *Huge-এর superlative form হিসেবে hugest-এর ব্যবহার সাধারণত দেখা যায় না। তাই 'Hugest' এর ব্যবহার ভুল।*

www.boighar.com

03. **Which one is not an example of comparative degree?**
ⓚ much ⓖ less ⓖ more ⓖ worse

**Hints :** *এখানে much হচ্ছে positive degree। এছাড়া much এর comparative form more এবং less; bad এবং badly-এর comparative form, worse।*

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর ২০২০ উত্তর ক

04. **The roads of Dhaka are wider than — Rajbari.**
ⓚ that of ⓖ those of ⓖ this of ⓖ are

**Hints :** *বাক্যে Dhaka-এর রাস্তাগুলোর সাথে Rajbari-এর রাস্তাগুলোর তুলনা বোঝানোর কারণে শূন্যস্থানে those of বসবে।*

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৯ উত্তর খ

05. **The word 'least' is the superlative degree of —**
ⓚ little ⓖ less
ⓖ none ⓖ lesser

**Hints :** *Least শব্দটি superlative form আর শব্দটি যে শব্দের superlative form সে শব্দটি হলো little।*

তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ২০১৯ উত্তর ক

06. **What is the superlative degree of the word 'shy'?**
ⓚ shy ⓖ shyer ⓖ shyesle ⓖ shiest

**Hints :** *Shy (লাজুক)-এর superlative form হলো shiest। Oxford Advanced Learner's Dictionary 10th Edition অনুসারে shyest ও সঠিক।*

তথ্য মন্ত্রণালয়ের অধীন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ক্যামেরাম্যান ২০১৯ উত্তর ঘ

07. **Superlative form of the word <u>Late</u> is :**
ⓚ Lattest ⓖ Last ⓖ Later ⓖ Latest

**Hints :** *Late (যথাসময়ের পর বা দেরিতে আগত)-এর comparative form later আর superlative form হলো latest।*

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিভিন্ন পদ ২০১৯ উত্তর ঘ

08. **Which one is superlative degree?**
ⓚ Worst ⓖ Better ⓖ Farther ⓖ Less

**Hints :** *Option গুলোর মধ্যে superlative form হলো worst যা bad শব্দটির superlative form। তাছাড়া better farther এবং less শব্দগুলো হলো good, far এবং little-এর comparative form।*

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (WASA)-এর উপ-সহ. প্রকৌশলী (সিভিল) ২০১৯ উত্তর ক

09. **The roads of Rajshahi are wider—**
ⓚ than those of Dhaka ⓖ than Dhaka
ⓖ than that of Dhaka ⓖ than Dhaka's roads

**Hints :** *বাক্যটি comparative হওয়ায় এবং রাজশাহীর সাথে ঢাকার রাস্তার তুলনা হবে বিধায় than those of Dhaka বসবে। Than that of Dhaka হবে না কারণ পূর্বে plural noun roads ব্যবহৃত হয়েছে।*

১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৯; বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সহকারী সচিব/সহকারী পরিচালক (প্রশাসন) ২০১৬ উত্তর ক

10. **He was one of the worst men in the world. (Make Positive)**
ⓚ Very few men in the world were so bad as he
ⓖ Very few man in the world was so bad as he
ⓖ Very few men in the world was so bad so he
ⓖ Very few man in the world were as bad as he

**Hints :** *One of the থাকলে positive করতে very few + noun-এর plural form + plural verb + so/as + adjective-এর positive form + as + sub টি বসে। সুতরাং বাক্যটির positive form হলো : Very few men in the world were so bad as he।*

১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়-২) ২০১৯ উত্তর ক

 বইঘর.কম

**11. It is more than honesty. (Make it 'Positive').**

ⓚ Honesty is not as much as it ⓚh Honesty are not as much as it
ⓖ Honesty is as much as it ⓖh Honesty is less much as it

**Hints :** *Comparative বাক্যটির positive রূপ হলো : Than পরবর্তী noun + verb-এর negative form + as + adjective-এর positive form + as + প্রদত্ত বাক্যটির sub. সুতরাং সঠিক positive form হলো Honesty is not as much as it ।*

১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়-২) ২০১৯
উত্তর ক

**12. Price for bicycles can run —— Tk. 2,000.**

ⓚ as high as ⓚh so high as ⓖ as high to ⓖh as high for

**Hints :** *As— as ব্যবহৃত হয় affirrmative sentence-এ এবং so— as ব্যবহৃত হয় negative sentence-এ । অন্যদিকে দ্বিতীয় as-এর পরিবর্তে to, for ইত্যাদি ব্যবহার করা যায় না ।*

১৫তম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৯
উত্তর ক

**13. Of the four books, the red one is the —**

ⓚ more cheaper ⓚh cheapest ⓖ cheap ⓖh cheaper

**Hints :** *বাক্যটিকে grammatically শুদ্ধ করার জন্য শূন্যস্থানে adjective-এর superlative form প্রয়োজন । সুতরাং cheap-এর superlative form 'cheapest' শূন্যস্থানে বসবে ।*

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম ধাপ) ২০১৯
উত্তর খ

**14. Rajshahi is — sugar growing areas in Bangladesh.**

ⓚ one of the larger ⓚh one of largest
ⓖ one of the largest ⓖh largest

**Hints :** *One of the + adjective-এর superlative form + noun এর plural form হলো সঠিক ধারা । সুতরাং শূন্যস্থানে one of the largest বসবে ।*

প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম ধাপ) ২০১৯
উত্তর গ

**15. Which one is an example of a positive degree?**

ⓚ less ⓚh more ⓖ little ⓖh worse

**Hints :** *Positive degree-এর উদাহরণ হলো little, যার comparative এবং superlative degree হলো less এবং least । More হলো much/more-এর comparative form এবং worse হলো bad-এর comparative form ।*

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক কর্মকর্তা ২০১৯
উত্তর গ

**16. Which one is an example of a positive degree?**

ⓚ more ⓚh much ⓖ less ⓖh last

**Hints :** *Option গুলোর মধ্যে positive degree হলো much, যার comparative-এবং superlative degree হলো more এবং most । তাছাড়া less হলো little-এর comparative form আর last হলে late-এর superlative form ।*

বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৯
উত্তর খ

**17. The superlative degree of the word 'bad' is —**

ⓚ most bad ⓚh the most bad
ⓖ baddest ⓖh worst

**Hints :** *Bad (খারাপ, মন্দ)-এর comparative form হলো worse আর superlative form হলো worst ।*

জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা ২০১৯
উত্তর ঘ

**18. The greater the demand, — the price.**

ⓚ higher ⓚh the higher
ⓖ the highest ⓖh high

**Hints :** *Double comparative-এর rule অনুযায়ী the + comparative form .......... the + comparative form । সুতরাং the higher হবে সঠিক expression ।*

জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণা. নিরাপত্তা কর্মকর্তা ২০১৯; প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মস. মন্ত্রণা. জনশক্তি, কর্মস. ও প্রশি. ব্যুরোর ইন্সট্রাক্টর (টিটিসি) ২০১৮; স্বাস্থ্য মন্ত্রণা. সহকারী প্রকৌশলী ২০১৬
উত্তর খ

www.boighar.com

Boighar.com

**19. Which one of the following is an example of superlative degree?**

ⓚ much ⓚh least ⓖ less ⓖh worse

**Hints :** *Option-গুলোর মধ্যে superlative form হলো least, যার positive এবং comparative form যথাক্রমে little এবং less। Much হলো positive form আর worse-এর positive form 'bad' আর superlative form হলো worst।*

পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনটেনডেন্ট ২০১৯; প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক ২০১৬
উত্তর খ

**20. Less students were present in the class than we had expected.**

ⓚ less ⓚh were ⓖ in ⓖh than

**Hints :** *মূলত প্রশ্নটি ছিল এখানে কোন শব্দটির ব্যবহার অশুদ্ধ। এখানে Less-এর ব্যবহার অশুদ্ধ। কারণ Students countable হওয়ায় এর আগে Fewer বসবে।*

ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ১৯৯৯
উত্তর ক

বইঘর.কম

**21. The chain was— than we thought.**

ⓚ stronger ⓚh much ⓖ strongest ⓖh strong

**Hints :** *বাক্যে than থাকাতে বোঝা যাচ্ছে than-এর পূর্বে adjective এর comparative form বসবে। Option-এ একমাত্র comparative form যুক্ত adjective হলো stronger।*

প্রা. সহ. শিক্ষক ২০১৮ (স্থগিত ২০১৪) [১৫ জেলা]
উত্তর ক

**22. The roads of Dhaka are wider.....**

ⓚ then Sylhet's ⓚh than Sylhet

ⓖ then those of Sylhet ⓖh than those of Sylhet

**Hints :** *বাক্যটিতে wider-এর পর than বসবে কারণ বাক্যটি comparative degree আর ঢাকার রাস্তার সাথে সিলেটের রাস্তার তুলনা বোঝাতে the roads of Dhaka-কে অনুসরণ করে than those of Sylhet বসবে।*

প্রা. সহ. শিক্ষক ২০১৮ (স্থগিত ২০১৪) [১২ জেলা]
উত্তর ঘ

**23. The word 'worse' is the comparative form of the adjective—**

ⓚ good ⓚh bad ⓖ far ⓖh little

**Hints :** *Bad এর comparative form হলো worse।*

গণপূর্ত অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭
উত্তর খ

**24. 'Iron is the most useful metal'. The positive form of the sentence is—**

ⓚ Very few metals are as useful as iron. ⓚh Iron is as useful as many other metals.

ⓖ No metal is as useful as iron. ⓖh Iron is more useful than many other metals.

**Hints :** *The most যুক্ত Superlative degree'র বাক্যকে positive করতে No + superlative degree-এর পরবর্তী অংশ (metal) + verb + as + superlative degree এর positive form (useful) + as + subject (iron) হয়।*

তথ্য মন্ত্রণালয়ের অধীন বিটিভির সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭
উত্তর গ

**25. Dhaka is becoming one of the — cities in Asia.**

ⓚ more busy ⓚh busy ⓖ busiest ⓖh most busiest

**Hints :** *বাক্যে one of the থাকলে এরপর adjective এর superlative form বসে। অতএব, শূন্যস্থানে (গ) busiest বসবে। বাকি যে ৩টি options রয়েছে সেগুলো applicable না।*

বাংলাদেশ রেলওয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৬
উত্তর গ

**26. Of the two boys, Latif is —— intelligent.**

ⓚ most ⓚh more ⓖ as ⓖh far

**Hints :** *দুজনের মধ্যে একটি গুণের তুলনা বুঝাতে comparative degree ব্যবহৃত হয়। সঠিক উত্তর (খ)।*

ডাক অধিদপ্তরের উপজেলা পোস্ট মাস্টার ২০১৬
উত্তর খ

**27. No animal is so big — the blue whale.**

ⓚ than ⓚh from ⓖ but ⓖh as

**Hints :** *Negative sentence-এ কোনো কিছুর সাথে সাধারণ তুলনা বোঝাতে so......... as বসে। প্রদত্ত বাক্যে নীল তিমির মত বড় প্রাণী আর নেই এরূপ বোঝাচ্ছে।*

বাংলাদেশ ডাক বিভাগ (মেট্রোপলিটন সার্কেল) পরিদর্শক ২০১৬
উত্তর ঘ

www.boighar.com

বইঘর.কম

**28. The weather is — gloomier today than it was yesterday.**

ⓚ more ⓚ more than ⓖ very ⓖ much

**Hints :** *Gloomier শব্দটি Comparative এ থাকায় এর আগে more বা more than বসবে না। কারা একই শব্দের double comparative হয় না। তবে comparative-এর পূর্বে much ব্যবহার করা যায়। very নয়।*

বাংলাদেশ ডাক বিভাগ (মেট্রোপলিটন সার্কেল) পরিদর্শক ২০১৬
উত্তর ঘ

**29. Which one is not an example of comparative degree?**

(ক) upper (খ) less (গ) worst (ঘ) higher

**Hints :** *Upper শব্দটি up-এর comparative form, less শব্দটি little-এর comparative form, higher শব্দটি high-এর comparative form। তবে worst শব্দটি comparative form নয়। এটি bad-এর superlative form।*

স্বাস্থ্য ম" ালয়ের সহকারী প্রকৌশলী ২০১৬
উত্তর গ

**30. Choose the correct one : The more you practice speaking—**

(ক) you will do it better. (খ) do it better.

(গ) the better you will do it. (ঘ) better you will do it.

**Hints :** *এই বাক্যটি the + move + sub.+ verb + the + comparative + sub + verb গঠন অনুযায়ী হয়েছে।*

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক ২০১৬]
উত্তর গ

**31. Fill in the gap : John is as cunning as—.**

(ক) lion (খ) fox (গ) hare (ঘ) tiger

**Hints :** *কোনো দুটি জিনিসের মধ্যে সাদৃশ্য/ সমকক্ষতা বোঝাতে as ... as ব্যবহৃত হয়। প্রদত্ত বাক্যে 'জন শেয়ালের মতো চালাক' এরূপ বোঝাচ্ছে।*

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে পিএসসি'র সহকারী পরিচালক ২০১৬
উত্তর খ

**32. It was — expensive than I thought.**

(ক) much (খ) more

(গ) high (ঘ) higher

**Hints :** *Comparative Degree-এর বাক্যে দুই এর অধিক Syllable-যুক্ত Adjective-এর আগে সবসময় Comparative 'more' শব্দটি ব্যবহৃত হয়।*

পরিসংখ্যান ব্যুরোর ডাটা এন্ট্রি অপারেটর ২০১৬
উত্তর খ

**33. She is — than her brother.**

(ক) elder (খ) older

(গ) eldest (ঘ) oldest

**Hints :** *দুটি জিনিসের মধ্যে তুলনা বোঝাতে Comparative degree হয় এবং সেক্ষেত্রে adjective এর Comparative form বসে। Older এবং elder দুটিই Comparative form এ আছে তবে ভাই-বোনের মধ্যে বড় বোঝাতে older (বয়স্ক) না বসে elder (বড়) বসে।*

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কৃষি কর্মকর্তা ২০১৬
উত্তর ক

**34. He is taller than—**

(ক) me (খ) myself

(গ) I (ঘ) am I

**Hints :** *Comparative degree-এর ক্ষেত্রে দুয়ের মধ্যে তুলনা বোঝাতে তুলনীয় দুটি ব্যক্তিই subjective form এ বসে।*

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কৃষি কর্মকর্তা ২০১৬
উত্তর গ

**35. The bus is the— expensive way to get around.**

(ক) less (খ) lesser

(গ) least (ঘ) more

**Hints :** *এটি একটি adjective of degree-এর উদাহরণ। Little এর superlative degree হচ্ছে least। The-এর পরে সর্বদা adjective-এর Superlative form বসে।*

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাব-রেজিস্ট্রার ২০১৬
উত্তর গ

www.boighar.com

## Govt. & Private Bank Questions

**01. Fill with the correct form. He is taller — two.**
ⓚ of ⓚh of the ⓖ among ⓖh on
**Hints :** *Degree of comparison-এর নিয়মানুসারে দুটি জিনিসের মধ্যে বেছে নেওয়া অর্থে comparative degree-এর আগে the এবং তুলনাকারী noun টি নির্দিষ্ট হওয়ায় তার পূর্বে of the বসে।*

Bangladesh Bank Data Entry/Control Operator (IT) 2020 উত্তর খ

**02. The rose is the— of all flowers.**
ক more lovely খ loveliest গ most lovely ঘ lovelien
**Hints :** *উত্তরের অপশনগুলো দেখে বোঝা যায়, শূন্যস্থানে Adjective-এর সঠিক Degree বসাতে হবে। যেহেতু শূন্যস্থানের পূর্বে the আছে তাই superlative form হিসেবে most lovely বসবে। অপশনের বাকিগুলো কোনোটিই সঠিক superlative form নয়।*

Janata Bank Ltd. Senior Officer (Textile Eng.) 2020 উত্তর গ

**03. The comparative degree of the word 'Prettiest' is :**
ক Prettyer খ Prstier গ Prettier ঘ Pretty
**Hints :** *Degree of Comparision-এর নিয়মানুসারে Adjective এর শেষে 'y' থাকলে এবং তার পূর্বে consonant থাকলে শেষের 'y' বাদ দিয়ে 'ier' যোগ করে comparative এবং 'iest' যোগ করে superlative degree করতে হয়। Prettiest-এর positive degree pretty এবং comparative degree হলো prettier। তাই সঠিক উত্তর (গ)।*

Janata Bank Ltd. Officer (Cash) 2020 উত্তর গ

**04. Computer has revolutionized office procedures more than <u>any machine</u> of modern time.**
ক has any machine খ any other machine
গ other machine ঘ none of these
**Hints :** *Comparative degree-তে than-এর পর any other অথবা most other ব্যবহৃত হয়। সুতরাং any machine-এর স্থলে than any other machine বসবে।*

BSC Senior Officer (3 Banks) 2018; Probashi Kallyan Bank Senior Executive Officer (Cash) 2018 উত্তর খ

**05. The superlative degree of the word 'able' is —**
ক most able খ ablest গ best able ঘ abler
**Hints :** *Able হলো এক syllable বিশিষ্ট word। সুতরাং এর পূর্বে কোনো অতিরিক্ত word যুক্ত হয়ে superlative degree গঠিত হয় না। Able-এর সাথে er suffix যুক্ত হয়ে comparative এবং est যুক্ত হয়ে superlative degree গঠিত হয়।*

Bangladesh Development Bank Ltd. Senior Officer 2017 উত্তর খ

## University & Medical Questions

**01. Fill in the blank.**
**The encyclopedia costs — the other one.**
ক twice more than খ twice as much as
গ twice as much ঘ twice as many
**Hints :** *একই রকম জিনিস বোঝাতে Positive Degree-এর ক্ষেত্রে as....as ব্যবহৃত হয়। তাই অপশন (খ) সঠিক উত্তর।*

জাবি 'B' ইউনিট (সমাজ বিজ্ঞান; সেট B) ২০১৯-২০ উত্তর খ

**02. Salman is one of the richest persons in the town. What does the sentence inply?**
ক No other man is as rich as Salman in this town.
খ No one in this town is rich.
গ Very few persons in the town are as rich as Salman.
ঘ Salman is very rich but others are also rich.
**Hints :** *Superlative degree-তে one of থাকলে positive করার সময় সাধারণত very few ব্যবহৃত হয়।*

ঢাবি 'গ' ইউনিট ২০১৯-২০ উত্তর গ

 বইঘর.কম

03. **It is the — city of the country.**
ⓚ most populous ⓚ more populous ⓖ most people ⓖ most population
**Hints :** *The এবং noun 'city'-এর মাঝে adjective-এর superlative degree বসে। Populous-এর superlative degree হলো most populous।*

ঢাবি 'ঘ' ইউনিট ২০১৯-২০ উত্তর ক

04. **Africa is hotter — Europe.**
ⓚ than ⓚ then ⓖ that ⓖ as
**Hints :** *Comparative বাক্যে comparative adjective-এর পর than ব্যবহৃত হয়। Than যোগে বাক্যটির বাংলা : আফ্রিকা ইউরোপের থেকে উষ্ণতর।*

চবি B-1 ইউনিট ২০১৯-২০ উত্তর ক

05. **Honey is one of the sweetest drinks. (make it positive)**
ⓚ Very few drink is as sweet as honey. ⓚ Very few drinks are as sweet as honey.
ⓖ No other drink is so sweet as honey. ⓖ No other drinks are as sweet as honey.
**Hints :** *One of the যুক্ত superlative বাক্যকে positive degree করার structure : Very few + plural noun + verb + as + adjective-এর simple form + as + sub। সুতরাং বাক্যটির positive degree হলো : Very few drinks are as sweet as honey।*

খুবি C ইউনিট (ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল) (Set-A) ২০১৯-২০ উত্তর খ

06. **This pen is inferior — your pen.**
ⓚ than ⓚ that ⓖ to ⓖ from
**Hints :** *Latin comparatives তথা senior, junior, inferior, superior, ulterior ইত্যাদির পর than না বসে to বসে।*

ইবি Unit-C (Set-A) ২০১৯-২০ উত্তর গ

07. **What is the superlative degree of 'costly'?**
ⓚ Costier ⓚ Costly ⓖ Costiliest ⓖ Costlyest
[**Note :** *Costly-এর superlative degree প্রদত্ত optionগুলোতে নেই। Costly-কে comparative এবং superlative degree গঠন করতে y তুলে দিয়ে যথাক্রমে ier এবং iest যোগ করতে হয়। সুতরাং costly-এর superlative degree হলো costliest।*]

ইবি Unit-C (Set-A) ২০১৯-২০ উত্তর *Note*

08. **He is older than — .**
ⓚ I ⓚ me ⓖ us ⓖ my
**Hints :** *Comparative বাক্যের than-এর পরে pronoun-এর subjective form বসে। Option গুলোতে subjective form হলো I।*

জাককানইবি D ইউনিট ২০১৯-২০ উত্তর ক

09. **Identify the superlative degree among the following.**
ⓚ less ⓚ worst ⓖ better ⓖ worse
**Hints :** *Option-গুলোর মধ্যে superlative degree হলো worst, যা bad-এর superlative form। তাছাড়া বাকি তিনটি শব্দ comparative form-এ দেওয়া আছে।*

জাককানইবি D ইউনিট ২০১৯-২০ উত্তর খ

10. **The clay pot is prettier, but it costs — other one.**
ⓚ half less than the ⓚ half as much as the
ⓖ half so much as the ⓖ half so more than the

বশেমুরবিপ্রবি ইউনিট G (আইন) ২০১৯-২০ উত্তর খ

11. **The price of laptop can run — Tk. 2,00,000.**
ⓚ as high as ⓚ so high as
ⓖ as high to ⓖ as high for

বশেমুরবিপ্রবি ইউনিট G (আইন) ২০১৯-২০; ইউনিট-F ২০১৮-১৯ উত্তর ক

12. **Fill in the blank.**
**This dictionary costs — the other one.**
ⓚ twice more than ⓚ twice as much as
ⓖ twice as much ⓖ twice as many
**Hints :** *দাম uncountable বোঝানোর কারণে শূন্যস্থানে সঠিক expressionটি হবে twice as much as।*

জাবি 'B' ইউনিট (সমাজবিজ্ঞান) ২০১৮-১৯ উত্তর খ

www.boighar.com

13. **Which is not the superlative degree?** রাবি ইউনিট E ২০১৮-১৯
ⓚ palest ⓚ last ⓖ none ⓖ least
উত্তর গ

14. **The greater the demand — the price.** জাককানইবি ইউনিট ডি ২০১৮-১৯
ⓚ high ⓚ the highest ⓖ highest ⓖ the higher
উত্তর ঘ
**Hints :** *Double comparative-এর structure হলো the + comparative the + comparative। সুতরাং the higher হবে সঠিক option।*

15. **Of the two girls, Sultana is — intelligent.** জাককানইবি ইউনিট এ-এফ ২০১৮-১৯
ⓚ most ⓚ more ⓖ as ⓖ far
উত্তর খ
**Hints :** *দুইজনের মাঝে তুলনা বোঝাতে than ছাড়াও comparative sentence গঠন করা সম্ভব। সুতরাং শূন্যস্থানে more বসবে।*

16. **Which is — of the two?** বশেমুরবিপ্রবি ইউনিট-F ২০১৮-১৯
ⓚ cheep ⓚ the cheap
ⓖ the cheapest ⓖ the cheaper
উত্তর ঘ

17. **The hotter it is — .** বশেমুরবিপ্রবি ইউনিট F ২০১৮-১৯
ⓚ miserable I feel ⓚ the more miserable I feel
ⓖ the miserable feel ⓖ the most miserable I feel
উত্তর খ

18. **A comedy is — than an action movie.** ঢাবি ইউনিট খ ২০১৭-১৮
ⓚ more funny ⓚ funnier ⓖ most funny ⓖ funniest
উত্তর খ
**Hints :** *বাক্যে than থাকাতে শূন্যস্থানে adjective-এর comparative form বসবে। Funny-এর comparative form funnier আর superlative form funniest। সুতরাং সঠিক উত্তর funnier।*

19. **Fill in the blank with the most suitable option :** জবি ইউনিট D ২০১৭-১৮; রাবি ইউনিট E (জোড়) ২০১৬-১৭
***I thought that — was the last one.***
ⓚ the most prettiest of all ⓚ prettiest one of all
ⓖ the prettiest one from all ⓖ the prettiest of all
উত্তর ঘ
**Hints :** *Adjective-এর superlative form-এর পূর্বে article the বসে এবং superlative form-এর পূর্বে most ব্যবহৃত হয় না। Prettiest one from all expressionটিও সঠিক নয়। কারণ on এর পর of বসে।*

20. **Effort is painful, it may be very painful: and yet, while making it, we feel that it is — the work it results in, because, thanks to it, we have drawn from ourselves not only all that was there, but more than was there : We have raised ourselves above ourselves.** জবি ইউনিট E ২০১৭-১৮
ⓚ so precious, and perhaps precious than
ⓚ as precious as, and perhaps as more precious than
ⓖ more precious than, and perhaps as precious as
ⓖ as precious as, and perhaps more precious than
উত্তর ঘ
**Hints :** *একই বাক্যে positive এবং comparative degree-এর ব্যবহার অনুযায়ী সঠিক sequence হলো as precious as, and perhaps more precious than।*

21. **What is the superlative degree of the word 'evil'?** রাবি ইউনিট E ২০১৭-১৮
ⓚ most evil ⓚ worst
ⓖ bad ⓖ none.
উত্তর খ

বইঘর.কম

22. **Microscopes make small things appear larger than — . (Choose the word/phrase that best completes the sentence)** — রাবি ইউনিট D (বাণিজ্য) ২০১৭-১৮ উত্তর ঘ

ⓚ really are ⓚ are really ⓖ are they really ⓖ they really are

23. **The more we — mathematical problems — .** — চবি ইউনিট A ২০১৭-১৮ উত্তর ক

(ক) solve — the less we feel shaky (খ) do not solve — the more we get clever
(গ) solve — the less we get clever (ঘ) solved — the more we feel shaky

**Hints :** *সমানুপাতিক বৃদ্ধি বা হ্রাস প্রকাশ করতে the + adjective-এর comparative degree + clause + the + adjective-এর comparative degree + clause হয়। বাক্যের অর্থ বিচারে (খ), (গ) এবং tense sequence অনুযায়ী (ঘ) অপশন সঠিক নয়। প্রশ্নোক্ত বাক্যের শূন্যস্থানে solve ...... the less we feel shaky বসালে tense sequence এবং অর্থ বিচারে বাক্যটি সঠিক হয়।*

24. **She boasted that no other car could run — .** — চবি ইউনিট A ২০১৭-১৮ উত্তর ঘ

(ক) so fast like her car (খ) as fast like her car
(গ) as far like the car of her (ঘ) as fast as her car

বইঘর.কম

**Hints :** *সমজাতীয় দুটি বস্তু বা ব্যক্তির মধ্যে তুলনা করতে as + adjective + as + noun/noun phrase/pronoun হয়। (ঘ) অপশন ব্যতীত her car-এর পূর্বে বাকি তিনটি অপশনে যে comparative degree ব্যবহৃত হয়েছে তা সঠিক নয়।*

25. **The greater the demand, — the price.** — চবি ইউনিট B ২০১৭-১৮ উত্তর ঘ

(ক) higher (খ) the highest (গ) high (ঘ) the higher

**Hints :** *সমানুপাতিক বৃদ্ধি বা হ্রাস প্রকাশ করার ক্ষেত্রে The + comparative degree .... the + comparative degree হয়। ক-তে Higher-এর পূর্বে the না থাকায় তা ভুল। The highest এবং high যথাক্রমে superlative ও positive degree যা strcture অনুযায়ী The price-এর পূর্বে সঠিক নয়। সুতরাং সঠিক উত্তর (ঘ)।*

26. **The hard-working girl earns —** — চবি ইউনিট C ২০১৭-১৮ উত্তর ক

(ক) twice as much as her half-sister (খ) twice as many as her half-sister
(গ) twice as best as her half-sister (ঘ) twice as good as her half-sister
(ঙ) twice as less as her half-sister

**Hints :** *Twice as much as (দ্বিগুণ) phrase টি সঠিক। Countable-এর ক্ষেত্রে many ব্যবহৃত হয়। আয় (earn) যেহেতু uncountable অর্থ প্রকাশ করে সেক্ষেত্রে much হবে। (গ) অপশনে superlative degree থাকায় তা গঠনগত ভুল এবং (ঘ) ও (গ) অপশনে twice-এর সাথে good এবং less অর্থগত দিক থেকে সঠিক নয়। সুতরাং সঠিক উত্তর (ক)।*

27. **These are — results I have ever had in an exam!** — চবি ইউনিট D ২০১৭-১৮ উত্তর ক

(ক) the worst (খ) worst (গ) worse (ঘ) most worse

**Hints :** *প্রশ্নোক্ত বাক্যে সবচেয়ে খারাপ (the worst) ফলাফলে বিস্ময় ভাব প্রকাশ করছে। Worst হলো bad এর superlative degree, যার পূর্বে the বসে। অপশন (খ) তে worst এর পূর্বে the না থাকায় তা ভুল। Most একটি superlative degree, যা দুই বা ততোধিক syllable বিশিষ্ট adjective এর পূর্বে বসে ঐ adjective-এর superlative degree প্রকাশ করে। Bad একটি one syllable adjective শব্দ এবং worst হলো এর superlative degree, যার পূর্বে most বসে না। Worse হলো bad-এর comparative degree যা বাক্যে দুটি বিষয় বা বস্তুর মধ্যে তুলনা করতে ব্যবহৃত হয়। প্রশ্নোক্ত বাক্যে দুটি বিষয় বা বস্তুর মধ্যে তুলনা না থাকায় তা সঠিক নয়। সুতরাং সঠিক উত্তর (ক) the worst।*

28. **Complete the following with appropriate words — he gets — .** — চবি ইউনিট D ২০১৭-১৮ উত্তর ঘ

(ক) The richer, the more friends he has (খ) Richer, more he has friends
(গ) Richer, more friends he has (ঘ) The richer, the more he has friends

www.boighar.com

Boighar.com

**Hints :** *সমানুপাতিক বৃদ্ধি বা হ্রাস প্রকাশের ক্ষেত্রে the + adjective-এর comparative form + clause + the + adjective এর comparative form + clause হয়। Double comparative degree-এর ব্যবহার অনুযায়ী সঠিক উত্তর (ঘ)।*

**29. Supposedly, digital versatile disks, or DVDs as they are called, are — resistant to scratching — records.** ঢাবি 'ক' ইউনিট ২০১৬-১৭ উত্তর : ঘ

ⓚ much, than ⓚ so, as
ⓖ such, that ⓖ far more, than

**Hints :** *DVDs ও records-এর মধ্যে তুলনা করার জন্য comparative form হিসেবে resistant-এর পূর্বে far more এবং records-এর পূর্বে Than বসবে।*

**30. The Disney Amusement Park in Japan is — Florida or California.** ঢাবি 'ক' ইউনিট ২০১৬-১৭ উত্তর : খ

ক the largest than the ones in
খ larger than the ones in
গ larger the ones in
ঘ the largest of the ones in

**Hints :** *এখানে The Disney Amusement Park-কে Florida বা California-এর পার্কের সাথে তুলনা বুঝাচ্ছে অর্থাৎ দুইয়ের মধ্যে তুলনা করছে। তাই comparative degree হবে। আর comparative করতে than ব্যবহৃত হয়।*

**31. Which sentence is correct?** ঢাবি ইউনিট ঘ ২০১৬-১৭ উত্তর : গ

ক More you read, less you understand.
খ The more you read, less you understand.
গ The more you read, the less you understand.
ঘ More you read, the less you understand.

**Hints :** *'যত-তত' বোঝাতে উভয় পার্শ্বের comparative form-এর পূর্বে 'the' বসে।*

**32. English is today the third — native language worldwide after Chinese and Hindi, with some 380 million speakers.** জবি ইউনিট B ২০১৬-১৭; চবি Unit-E (আইন অনুষদ) ২০১৬-১৭ উত্তর : ক

ক most spoken
খ more spoken
গ least spoken
ঘ spoken

**Hints :** *'বহুল কথিত' বোঝাতে most spoken হয়।*

**33. My students' sleepless nights became — as the finals approached.** জবি ইউনিট B ২০১৬-১৭; চবি Unit-E (আইন অনুষদ) ২০১৬-১৭ উত্তর : খ

ক so frequently
খ more frequent
গ as frequent
ঘ much more frequently

**Hints :** *'সমাপনী পরীক্ষা এগোনোর সাথে সাথে ছাত্রদের ঘুমহীন রাত বৃদ্ধি পাচ্ছে' বাক্যটি comparative sense দিচ্ছে, সেহেতু এখানে Adjective-এর comparative degree ব্যবহৃত হবে। এখানে as একটি clause marker হিসেবে ব্যবহৃত হয়েছে; positive degree-এর as.. as গঠনের জন্য নয়।*

**34. Choose the correct answer.** জবি ইউনিট D ২০১৬-১৭ উত্তর : খ

**Although we often use 'speed' and 'velocity' interchangeably, in a technical sense. 'speed' is not always — 'velocity.'**

ক alike খ the same as গ similar ঘ as

**35. The correct sentence is—** রাবি ইউনিট E (জোড়) ২০১৬-১৭ উত্তর : ঘ

ক She is tallest girl in the class.
খ She is the most tallest-girl in the class.
গ She is the taller girl in the class.
ঘ She is the tallest girl in the class.

**Hints :** *Superlative degree বোঝাতে adjective এর superlative form এবং তার আগে the বসে।*

www.boighar.com

36. **The sentence 'He is one of the best boys in the village' can be written as—**
   ⓚ Very few boys in the village is so good as he
   ⓚ Very few boys in the village are better as he
   ⓖ Very few boys in the village are as good as he
   ⓖ Very few boys in the village is very good as he
   **Hints :** *এটি superlative থেকে positive degree তে রূপান্তরের উদাহরণ। এ বাক্যের গঠন : Very few + মূল বাক্যের adj. এর পরের অংশ + verb (plural) + as + adj. (positive) + as + sub.*

রাবি ইউনিট E (বিজোড়) ২০১৬-১৭ উত্তর গ

37. **The more humidity reading rises,— the heat affects us.**
   ক the best — খ the worse
   গ the worst — ঘ worse
   ঙ best
   **Hints :** *The + comparative form, the + comparative form নিয়মটি অনুসরণ করতে হবে।*

চবি ইউনিট সি, ২০১৬-১৭ উত্তর খ

38. **The facilities of the older hostel —.**
   ক is as good or better than the new hostel
   খ are as good or bette than the new hostel
   গ are as good as or better than the new hostel.
   ঘ are as good as or better than those of the new hostel.
   **Hints :** *Positive degree এর ক্ষেত্রে as + adjective এর positive form + as একত্রে থাকবে। বাক্যে 'the facilities' এর pronoun হিসেবে those ব্যবহৃত হবে। এখানে point of comparison হলো "the facilities"।*

চবি Unit-$D_3$ (ব্যবসায় শিক্ষা) ২০১৬-১৭ উত্তর ঘ

39. **The singer's fame rested on the breadth of his range, which was — any other tenor, living or dead.**
   ক greater than that of — খ as large as
   গ more greater — ঘ broader than the one of

চবি Unit-$D_3$ (ব্যবসায় শিক্ষা) ২০১৬-১৭ উত্তর ক

40. **As — traffic means — traffic accidents, people should use public transportation more.**
   ক more —less — খ fewer — fewer
   গ a few — less — ঘ less — fewer
   ঙ few — less
   **Hints :** *Less + traffic (uncountable Noun) fewer + accidents (countable Noun)*

চবি Unit-E (আইন অনুষদ) ২০১৬-১৭ উত্তর ঘ

41. **Last year Robin earned — his brother, who has a better position.**
   ক twice as many as — খ twice more than
   গ twice as more as — ঘ twice as much
   ঙ twice as much as
   **Hints :** *কোনো পরিমাণের দ্বিগুণ বা তিনগুণ বোঝাতে 'twice/thrice as much as' Expression ব্যবহৃত হয়।*

চবি Unit-E (আইন অনুষদ) ২০১৬-১৭ উত্তর ঙ